# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## জেলা- হবিগঞ্জ ।

**শহর সমন্বয় কমিটির (TLCC) বিশেষ সভার (প্রাক বাজেট সভা) কার্যবিবরণী**

সভাপতি ঃ মোহাম্মদ রবিন মিয়া
প্রশাসক, চুনারুঘাট পৌরসভা, ও
সভাপতি, শহর সমন্বয় কমিটি (TLCC) চুনারুঘাট পৌরসভা।
সভার স্থান ঃ সভা কক্ষ চুনারুঘাট পৌরসভা
সভার তারিখ ঃ ২৫/০৬/২০২৫ খ্রি. বুধবার, সকাল ১১:০০ ঘটিকা।
সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও প্রস্তাব | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন। | ১। **সভাপতির সূচনা বক্তব্য ঃ** সভার সভাপতি TLCC এর বিশেষ সভায় (বাজেট সংক্রান্ত) উপস্থিত হওয়ায় সম্মানীত সকল সদস্যকে স্বাগত ও আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন চুনারুঘাট পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য অর্থ ও সংস্থান সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় প্রনীত খসড়া বাজেট আজকের TLCC সভায় উপস্থাপন করা হবে। বাজেট পৌরসভার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ন বিষয় কারণ এতে পৌরসভার সার্বিক উন্নয়ন ও নাগরিকদের নানামূখী সেবা প্রদানের বিষয়ে কর্মকরিকল্পনা তৈরী করা হয়। তিনি সকলকে বাজেটের উপর আলোচনায় অংশগ্রহন করে মতামত প্রদান করার জন্য আহবান জানান।<br><br>২। সভাপতির নির্দেশক্রমে অত্র পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা মোহাম্মদ লিয়াকত আলী সভাকে জানান যে, গত ২৭/০৫/২০২৫ খ্রি. তারিখে "অর্থ ও সংস্থাপন" সংক্রান্ত স্থায়ী কমিটি কর্তৃক পৌরসভার বাজেট বিধিমালা-১৯৯৯ অনুসরন পূর্বক ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট প্রণয়ন করা হয়। অতঃপর তিনি "অর্থ ও সংস্থাপন" সংক্রান্ত স্থায়ী কমিটি কর্তৃক প্রনীত ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রকৃত বাজেট, ২০২৪-২০২৫ অর্থবছরের সংশোধনী বাজেট এবং আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রজেক্টরের মাধ্যমে খাতওয়ারী বিস্তারিতভাবে সভায় পেশ করেন এবং আয়-ব্যয়ের বিভিন্ন খাতের বিস্তারিত ব্যাখ্যা প্রদান করেন।<br><br>৩। বাজেটের উপর উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহন করেন এবং বিভিন্ন খাত ও উপখাতের বাজেট বরাদ্দের উপর বিভিন্ন খাতে সংশোধনী আনার প্রস্তাব করেন; | | |
| ২ | বিভিন্ন কাজে পৌরবাসীকে সম্পৃক্তকরণ : | TLCC সদস্য, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ পিয়ার আহমেদ সভাকে অবহিত করেন যে, পৌরসভার বিভিন্ন কর্মসূচী সঠিক বাস্তবায়নের ক্ষেত্রে নাগরিকদের অংশগ্রহন খুবই প্রয়োজন। ওয়ার্ড ভিত্তিক সভা আহবান করে পৌরবাসীকে আরো সচেতন করে সকল উন্নয়ন কর্মকান্ডের সাথে সর্বস্থরের নাগরিকগনকে সম্পৃক্ত করার জন্য তিনি আহবান জানান। | TLCC , WC সভায় কমিটির সদস্যদের পাশাপাশি অন্যান্য শ্রেণী পেশার লোকজনকে সভায় আমন্ত্রন এবং তাদের মতামত গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, সভাপতি ও সদস্য সচিব TLCC / WC (সকল)/ পৌর নির্বাহী কর্মকর্তা চুনারুঘাট পৌরসভা। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনার ব্যয় খাতে বরাদ্দ বৃদ্ধিকরণ : | **সদস্য জনাব মোঃ ফজলুল হক তরফদার আবিদ** সভায় বলেন যে , মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা এবং দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা উপকরন প্রদান, ২টি খাতে যথাক্রমে ১,২৫,০০০/-, ১,২৫,০০০/- মোট- ২,৫০,০০০/- বরাদ্ধ রাখার বিষয়টি খুবই প্রশংসনীয়, কিন্তু পৌর এলাকার শিক্ষার্থীদের লেখাপড়ায় আরো উৎসাহিত এবং দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের আরো সহযোগিতা করার জন্য তিনি এ খাতে বরাদ্ধ বৃদ্ধি করে ৫,০০,০০০/- টাকা করার প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনার পর আলোচ্য ০২টি খাতে বরাদ্ধ ৫,০০,০০০/- টাকায় উন্নীত করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | প্রশাসক, পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষন কর্মকর্তা, চুনারুঘাট পৌরসভা |
| ০৪ | দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা উপকরন প্রদান ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান খাতে বাজেট বৃদ্ধির প্রস্তাব ঃ | TLCC এর সদস্য, উপজেলা প্রেস ক্লাবের সভাপতি জনাব মোঃ ফারুক উদ্দিন চৌধুরী দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা উপকরন খাতে বরাদ্দ ১,২৫,০০০/- হতে বৃদ্ধি করে ৩,০০,০০০/- টাকা এবং বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান খাতে বরাদ্ধ ১,৫০,০০০/- টাকা হতে বরাদ্ধ বৃদ্ধি করে করার প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনার পর দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা উপকরন প্রদান খাতে বরাদ্ধ ২,৫০,০০০/- টাকা হতে, এবং ধর্মীয় প্রতিষ্ঠনে অনুদান খাতে ২,৫০,০০০/- টাকা বরাদ্ধ রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রশাসক, পৌর নির্বাহী কর্মকর্তা / হিসাব রক্ষন কর্মকর্তা, চুনারুঘাট পৌরসভা |
| ০৫ | বৃক্ষরোপন কার্যক্রম জোরদার এবং মহিলা শ্রমিকদের একাজে নিয়োগ করা। | TLCC এর সদস্য, মাশকুরা বলেন, বৃক্ষরোপন ও রক্ষনাবেক্ষন খাতে বরাদ্ধ ২৫,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ১,০০,০০০/- করার প্রস্তাব করেন। তিনি আরো বলেন বর্তমানে বর্ষা মৌসুম গাছ লাগানো ও উপযুক্ত সময়। পৌরসভার বিভিন্ন রাস্তার পার্শ্বে, পরিত্যক্ত খালি জায়গা , শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনায় বেশী করে ফলজ, বনজ ও ওষুধি গাছ লাগানো, গাছের পরিচর্যা ও রক্ষনাবেক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তিনি অনুরোধ করেন এবং এ কাজে নারী শ্রমিকদের নিযুক্ত করার প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনার পর উক্ত খাতে ২৫,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ৫০,০০০/- টাকা করার প্রস্তাব এবং এ কাজে মহিলা শ্রমিক নিয়োগের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রশাসক, পৌর নির্বাহী কর্মকর্তা / হিসাব রক্ষন কর্মকর্তা, চুনারুঘাট পৌরসভা |
| ০৬ | GESIAP খাতে বাজেট বৃদ্ধিও এবং বাস্তবায়ন ঃ | হিসাব রক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, চলমান IUIGP প্রকল্পের শর্তানুযায়ী রাজস্ব বাজেটের নূনতম ১% হারে অর্থ Gender Equality and Social Inclusion Action Plan (GESIAP) খাতে বরাদ্ধ রাখা এবং বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে এ অর্থ ব্যয় করার বাধ্যবাধকতা ।<br><br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোপ আলোচনা করা হয়; (ক) TLCC এর সদস্য, মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও উপজেলা শিক্ষা অফিসার জনাব নাজনীন সুলতানা, সভায় বলেন যে, সমাজের পিছিয়ে পড়া হতদরিদ্র মহিলাদের জীবনমান উন্নয়নের জন্য বিভিন্ন কর্মমুখী প্রশিক্ষন প্রদান করে বিনামূল্যে বিভিন্ন উপকরনাদি বিতরন করার প্রস্তা করেন।<br><br>(খ) TLCC এর সদস্য জনাব ফেরদৌস বকুল পৌরসভার মহিলা মার্কেটের দোকান সমূহ কিছু মহিলা ব্যবসায়ীদেও মধ্যে এবং কিছু পুরুস ব্যবসায়ীদের মধ্যে বরাদ্ধ দেয়া হয়েছে। তিনি নীতিমালা অনুযায়ী সবগুলো দোকান মহিলা ক্ষুদ্র ব্যবসায়ী/ উদ্যোক্তাদের মধ্যে বরাদ্ধ প্রদানের প্রস্তান করেন।<br><br>(গ) TLCC এর সদস্য জনাব শাহেনা খাতুন, মহিলাদেও আত্মনির্ভরশীল করার লক্ষ্যে সেলাই প্রশিক্ষণ ও প্রশিক্ষণ শেষে বিনা মূল্যে সেলাই মেশিন বরাদ্ধ প্রদানের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনার পর<br><br>(ক) GESIAP খাতে ৩,০০,০০০/- টাকা থেকে বাজেট বরাদ্ধ রাখার সিদ্ধান্ত হয়।<br><br>(খ) দরিদ্র মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং পৌরসভার আর্থিক স্বচ্ছলতা/ আর্থিক সামর্থ্য বিবেচনা করে বিনামূল্যে বিভিন্ন উপকরন/ব্যবসার পুঁজি সরবরাহের সিদ্ধান্ত হয়।<br><br>(গ) নীতিমালা অনুযায়ী পৌরসভার মহিলা মার্কেটে বিদ্যমান দোকানগুলো (০৫ টি দোকান) মহিলা ক্ষুদ্র | প্রশাসক, পৌর নির্বাহী কর্মকর্তা ও হিসাব রক্ষন কর্মকর্তা, চুনারুঘাট পৌরসভা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) TLCC এর সদস্য জনাব লাভলী আক্তার বলেন যে, পৌর এলাকার দরিদ্র শ্রেণীর মহিলাদের হাঁস-মুরগী গরু ছাগল পালনের বিষয়ে প্রশিক্ষন প্রদান এবং পুজি সরবরাহ করলে অনেকেই স্বাবলম্বী হতে পারবে।<br>(ঙ) TLCC এর সদস্য জনাব শামীম আরা সভায় বলেন যে, বর্তমানে তথ্য প্রযুক্তি /প্রি ল্যান্সিং খাতে কর্মসংস্থানের অনেক সুযোগ রয়েছে। তরুন-তরুনীদের কম্পিউটার/ ফ্রিল্যান্সিং বিষয়ে প্রশিক্ষন প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। | ব্যবসায়ী /উদ্যোক্তাদের মধ্যে বিতরনের সিদ্ধান্ত হয়। | |
| ০৭ | Poverty Reduction Action Plan (PRAP) বাস্তবায়ন | জ) TLCC এর সদস্য ও ব্যবস্থাপক ব্র্যাক, ব্যবস্থাপক টিএমএসএস, ব্যবস্থাপক আলো, মহিলা বিষয়ক উন্নয়ন সংস্থা আলোচনায় অংশ গ্রহণ করে বলেন প্রস্তাবিত বাজেটে যে আয় ও ব্যয় খাতে যে বাজেট বরাদ্দ করা হয়েছে তা যুগোপযোগি এবং এই বাজেট বাস্তবায়ন হলে পৌরবাসীর অনেক কল্যান হবে এবং অনেক সমস্যার সমাধান হবে। বিশেষ করে Poverty Reduction Action Plan (PRAP) এবং Gender Equality and Social Inclusion Action Plan (GESIAP) খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা দরিদ্র নারী- পুরুষদেও জীবনমান উন্নয়ন ও তাদের পরিবারের আর্থিক অবসআতর পরিবর্তন সম্ভব হবে। তাই পৌর কর্তৃপক্ষকে বাজেট বাস্তবায়নের বিষয়ে যথাযথ কার্যকরি পদক্ষেপ গ্রহন করার অনুরোধ জানান | বিস্তারিত আলোচনার পর পৌর পরিষদ কর্তৃক প্রস্তাবিত বাজেট চূড়ান্ত অনুমোদনের পর উক্ত বাজেট বাস্তবায়নের জন্য যথাসময়ে যথাযথ কার্যকরি পদক্ষেপ গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, পৌর নির্বাহী কর্মকর্তা / হিসাব রক্ষন কর্মকর্তা, পৌর প্রকৌশলী, চুনারুঘাট পৌরসভা |
| ০৮ | রাজস্ব আয় বৃদ্ধি | TLCC এর সদস্য জনাব মীর সাহেব আলী সভায় বলেন যে, প্রস্থাব বাজেটটি বাস্তবধর্মী ও জণকল্যাণমুলী বাজেট হয়েছে। এটি বাস্তবায়নন করা গেলে পৌরবাসীর অনেক উপকৃত হবে এবং নাগরিক সেবার মান অনকে বৃদ্ধি পাবে। তবে বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো নিজস্ব রাজস্ব আয় বুদ্ধি করা এবং বাজেটে প্রদর্শিত খাতসমূহ হতে পৌরসভার বিভিন্ন কর, ফি ইত্যাদি আদায় করতে হবে। অর্থ আদায় না হলে বাজেট বাস্তবায়ন এবং নাগরিক সেবা প্রদান করা সম্ভব হবে না। এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহনের জন্য পৌর প্রশাসককে তিনি অনুরোধ করেন এবং বাজেট বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করার জন্য উপস্থিত সদস্যগনসহ পৌরবাসীকে অনুরোধ জানান। | পৌরবাসীকেউন্নত নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধিসহ বাজেট বাস্তবায়নে প্রয়োজনীয় যথাযথ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। | প্রশাসক, পৌর নির্বাহী কর্মকর্তা / হিসাব রক্ষন কর্মকর্তা, পৌর প্রকৌশলী, চুনারুঘাট পৌরসভা |
| ০৯ | বাজেট বাস্তবায়ন | অন্যান্য সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করে উপস্থাপিত বাজেটকে কল্যাণমূখী ও বাস্তবসম্মত বাজেট বলে আখ্যায়িক করেন। এবং এ বাজেট বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহনের জন্য পৌর কর্তৃপক্ষকে অনুরোধ জানান। | পৌর পরিষদ কর্তৃক প্রস্তাবিত বাজেট চূড়ান্ত অনুমোদনের পর উক্ত বাজেট বাস্তবায়নের জন্য কার্যকরি পদক্ষেপ গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক, পৌর নির্বাহী কর্মকর্তা ও হিসাব রক্ষন কর্মকর্তা, চুনারুঘাট পৌরসভা |
| ১০ | প্রস্তাবিত বাজেট অনুমোদন | সভায় উপস্থাপিত বাজেটের উপর আর কোন সংশোধনী বা প্রস্তাবনা না থাকায় প্রস্তাবিত বাজেট অনুমোদনের পদক্ষেপ গ্রহনের জন্য সকল সদস্যগণ প্রস্তাব করেন।<br>বিস্তারিত আলোচনার পর ২০২৫-২০২৬ অর্থ বছরের নিম্নোক্ত হিসাব অনুযায়ী মোট ৬,৮৩,৮৩,১৮৭/১৭ টাকার বাজেট চূড়ান্ত করণের সুপারিশ করা হয়। | (ক) ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য মোট ৬,৮৩,৮৩,১৮৭/১৭ টাকার বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **মোট প্রাপ্তী ও পরিশোধ।**<br>প্রাপ্তী :<br>মোট রাজস্ব প্রাপ্তি (প্রারম্ভিক জের সহ) ২,৯৩,৮৩,১৮৩/১৭<br>উন্নয়ন খাতে মোট প্রাপ্তি ৩,৯০,০০,০০০/-<br>সর্বমোট প্রাপ্তি ৬,৮৩,৮৩,১৮৭/১৭<br>পরিশোধ<br>মোট রাজস্ব ব্যয় ২,৭১,৬৩,৫০০/-<br>উন্নয়ন ব্যয় ৩,৯০,০০,০০০/-<br>সমাপনী স্থিতি (রাজস্ব) ২২,১৯,৬৮৩/১৭<br>সর্বমোট ৬,৮৩,৮৩,১৮৩/১৭ | (খ) TLCC সুপারিশকৃত বাজেট পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটির বিশেষ সভায় আলোচনা ও অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয় | |

অতপর আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাাপতি সাহেব উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ রবিন মিয়া)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা, ও
সভাপতি
শহর সমন্বয় কমিটি (TLCC)
চুনারুঘাট পৌরসভা।

স্মারক নং চুঃ পৌঃ /প্রশাঃ/সাধাঃ/টিএলসিসি/২০২৫/১১২১ তারিখ : ৩০.০৬.২০২৫ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ</u>

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, সিলেট।
০৩. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার হবিগঞ্জ।
০৫. প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৬. জনাব ..............................................................................সদস্য (সকল), শহর সমন্বয় কমিটি (TLCC), চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ।
০৭. অফিস নথি।

(মোহাম্মদ রবিন মিয়া)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা, ও
সভাপতি
শহর সমন্বয় কমিটি (TLCC)
চুনারুঘাট পৌরসভা।



CamScanner